## ২০০৯-২০১৬ সাল পর্যন্ত সমাপ্ত উল্লেখযোগ্য মহাসড়ক ও সেতু

| সমাপ্তকৃত প্রকল্পসমূহ | দৈর্ঘ্য (কিলোমিটার/মিটার) | প্রকল্প ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১। বগুড়া-সারিয়াকান্দি সড়ক উন্নয়ন | ২২.৫০ কিলোমিটার | ২৭.৮৪ |
| ২। বগুড়া-সারিয়াকান্দি সড়কে ৫টি সেতু নির্মাণ | ৩৪৩.৩৭ মিটার | ২১.৫২ |
| ৩। লিচুতলা-কদমতলী এবং নাংলু-বালিয়াদিঘী সংযোগ সড়কসহ ধুনট-নাংলু-বাগবাড়ী-কদমতলী-গাবতলী-চৌকিরঘাট সড়ক উন্নয়ন | ৬২.৪০ মিটার | ৭১.২৭ |
| ৪। মোকামতলা (বগুড়া-রংপুর জাতীয় মহাসড়ক)-সোনাতলা-হরিখালী-হাটশেরপুর-সারিয়াকান্দি সড়ক উন্নয়ন | ৪০.২৭ কিলোমিটার | ২৫.১৫ |
| ৫। শেরপুর-ধুনট-কাজিপুর-সিরাজগঞ্জ (বগুড়া অংশ) সড়কের ৯ম কি: মি: এ বথুয়াবাড়ী সেতু নির্মাণ | ১৪৮.১৪ মিটার | ৩.৯৬ |
| ৬। শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ ও হাসপাতাল সংযোগ সড়ক নির্মাণ | ০.৮১ কিলোমিটার | ৫.৮৭ |
| ৭। মোকামতলা (কাশিপুর)-গুজিয়া-আমতলী সড়ক উন্নয়ন | ৪.৬০ কিলোমিটার | ১.৯৫ |
| ৮। কাহালু থানা সংযোগ সড়ক উন্নয়ন | ৭.৯৫ কিলোমিটার | ৩.৫৩ |


## চলমান উল্লেখযোগ্য মহাসড়ক/ সেতু

| সমাপ্তকৃত প্রকল্পসমূহ | দৈর্ঘ্য (কিলোমিটার/মিটার) | প্রকল্প ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১। বগুড়া- সারিয়াকান্দি সড়কের ০৩টি বেইলী সেতু প্রতিস্থাপন (২টি সেতু ১টি কালভার্ট) ও ১টি ক্ষতিগ্রস্থ আরসিসি সেতু পুনঃ নির্মাণ | ১২৬.৮২ মিটার | ২৬.০৪ |
| ২। ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা জাতীয় মহাসড়কের (এন-৫) ১৬ টি ব্লাকস্পটে রোড সেফটি উন্নয়ন | ১.৭৫ কিলোমিটার | ৮.৮৮ |
| ৩। শেরপুর-নন্দীগ্রাম ভায়া কৈগাড়ী সড়ক উন্নয়ন | ১৭.৪০ কিলোমিটার | ১০.৩০ |
| ৪। বগুড়া (ঝোপগাড়ী)-ক্ষেতলাল সড়ক উন্নয়ন | ১৭.০৬ কিলোমিটার | ১১.৬৯ |
| ৫। মহাস্থান-শিবগঞ্জ-আমতলী সড়কের ১০ম কি: মি: এ গাংনাই নদীর উপর ৪২.৬৮ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ | ৪২.৬৮ মিটার | ৪.৮১ |

## পরিকল্পনাধীন উন্নয়ন প্রকল্প

| সমাপ্তকৃত প্রকল্পসমূহ | দৈর্ঘ্য (কিলোমিটার/মিটার) | প্রকল্প ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১। বগুড়া শহর থেকে মেডিকেল কলেজ পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ | ১.৮৫ কিলোমিটর | ৮৬.৯১ |
| ২। গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়কসমূহ যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রংপুর জোন) প্রকল্প এর আওতায়-<br>ক) বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-ধামুরহাট-জয়পুরহাট সড়ক (বগুড়া অংশ) উন্নয়ন<br>খ) মোকামতলা-কালাই-জয়পুরহাট সড়ক (বগুড়া অংশ) উন্নয়ন | ৪৩.০০ কিলোমিটার<br>১৬.০০ কিলোমিটার | ২২৬.৪৪ |
| ৩। ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের নিমিত্তে রাস্তাঘাট উন্নয়ন এর আওতায় বগুড়া সড়ক বিভাগাধীন ২টি জেলা মহাসড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ প্রকল্প এর আওতায়-<br>ক) নন্দীগ্রাম (কাথম)-কালিগঞ্জ-রাণীনগর সড়ক উন্নয়ন<br>খ) নন্দীগ্রাম (ওমরপুর)-তালোড়া-দুপচাঁচিয়া-জিয়ানগর আক্কেলপুর সড়ক উন্নয়ন | ১৭.৫০ কিলোমিটার<br>৫০.৭৮ কিলোমিটার | ১৫৫.৫৮ |
| ৪। মোকামতলা-সোনাতলা-হরিখালি-হাটশেরপুর-সারিয়াকান্দি সড়কের আড়িয়ারঘাট সেতু নির্মাণ | ২৯৬.৮০ মিটার | ২৭.৮০ |

## বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কে খৈলসাকুড়ি সেতু, জয়ভোগা সেতু ও হাটফুলবাড়ী সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন।




উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কে খৈলসাকুড়ি সেতু, জয়ভোগা সেতু ও হাটফুলবাড়ী সেতুর

### ভিত্তিপ্রস্তর স্থাপন করেন

# শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিষ্টাব্দ

## সড়ক ও জনপথ অধিদপ্তর
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## পটভূমি


বগুড়া-সারিয়াকান্দি সড়কটি বগুড়া সড়ক বিভাগের আওতাধীন একটি জেলা মহাসড়ক। ২২.৫০ কিলোমিটার দীর্ঘ এ মহাসড়কটি বগুড়া জেলা শহরের সাথে সড়কপথে গাবতলী, সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলায় যাতায়াতের অন্যতম মাধ্যম। সারিয়াকান্দি, সোনাতলা ও গাবতলী উপজেলায় উৎপাদিত কৃষিজাত দ্রব্যাদি এবং সারিয়াকান্দির পার্শ্ব দিয়ে বহমান যমুনা ও বাঙ্গালী নদী হতে আহরিত মৎস্য সম্পদ এ জেলা মহাসড়ক ব্যবহার করে বগুড়া শহর তথা রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য এলাকায় পরিবহণ করা হয়। জামালপুরে যমুনা সার কারখানায় উৎপাদিত সার দেশের উত্তরাঞ্চলের জেলাসমূহে পরিবহণের ক্ষেত্রে সারিয়াকান্দি উপজেলা সদর অঘোষিত নদী বন্দর হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। যে কারণে উত্তরাঞ্চলের কৃষি ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কটির গুরুত্ব অপরিসীম। কিন্তু উক্ত জেলা মহাসড়কে পুরাতন, জরাজীর্ণ ও অপ্রশস্ত ৩টি বেইলী সেতু বিদ্যমান থাকায় বেইলী সেতুসমূহ প্রায়শ:ই ক্ষতিগ্রস্ত হয়ে যোগাযোগ বিঘ্নিত হয়। "বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ৩টি বেইলী সেতু প্রতিস্থাপন (২টি সেতু, ১টি কালভার্ট) ও ১টি ক্ষতিগ্রস্থ আরসিসি সেতু পুন:নির্মাণ শীর্ষক" প্রকল্প এর আওতায় খৈলসাকুড়ি ও জয়ভোগা বেইলী সেতুর স্থলে স্থায়ী কংক্রিট সেতু এবং বাইগুনী বেইলী সেতুর স্থলে আরসিসি কালভার্ট ও ক্ষতিগ্রস্থ হাটফুলবাড়ী সেতুর স্থলে পিসি গার্ডার সেতু পুনঃ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জরাজীর্ণ বেইলী সেতুর স্থলে স্থায়ী সেতু ও ক্ষতিগ্রস্থ হাটফুলবাড়ী সেতুর স্থলে পিসি গার্ডার সেতু পুনঃনির্মিত হলে সেতু পারাপারজনিত দুর্ঘটনা হ্রাস পাবে এবং গাবতলী, সারিয়াকান্দি ও সোনাতলা উপজেলার সাথে বগুড়া জেলা শহর ও উত্তরাঞ্চলের জেলাসমূহের সড়ক যোগাযোগ ব্যয় ও সময় সাশ্রয়ী হবে। সর্বোপরি প্রকল্প সংশ্লিষ্ট এলাকার ব্যবসা-বাণিজ্য ও সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড আরও গতিশীল হবে।

## সেতুর ছবি


বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ৮ম কিলোমিটার এ বিদ্যমান খৈলসাকুড়ি সেতু


বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ১২তম কিলোমিটার এ বিদ্যমান জয়ভোগা সেতু


বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ১৮তম কিলোমিটার এ বিদ্যমান হাটফুলবাড়ী সেতু

## প্রকল্পে অন্তর্ভূক্ত ৩টি সেতুর তথ্যঃ

অর্থায়ন : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোট প্রকল্প ব্যয় : ২৬.০৫ কোটি টাকা

প্রকল্পের মেয়াদকাল : জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ পর্যন্ত

### খৈলসাকুড়ি সেতুর তথ্যঃ

সেতুর অবস্থান : বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ৮ম কিলোমিটার

সেতুর দৈর্ঘ্য : ২৪.৮০ মিটার

সেতুর প্রস্থ : ১০.২৫ মিটার

সেতুর ধরণ : আরসিসি গার্ডার সেতু

নির্মাণ ব্যয় : ৪.০১ কোটি টাকা

### জয়ভোগা সেতুর তথ্যঃ

সেতুর অবস্থান : বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ১২তম কিলোমিটর

সেতুর দৈর্ঘ্য : ৪০.০০ মিটার

সেতুর প্রস্থ : ১০.২৫ মিটার

সেতুর ধরণ : পিসি গার্ডার সেতু

নির্মাণ ব্যয় : ৪.৬৬ কোটি টাকা

### হাটফুলবাড়ী সেতুর তথ্যঃ

সেতুর অবস্থান : বগুড়া-সারিয়াকান্দি জেলা মহাসড়কের ১৮তম কিলোমিটর

সেতুর দৈর্ঘ্য : ৪৪.০২ মিটার

সেতুর প্রস্থ : ১০.২৫ মিটার

সেতুর ধরণ : পিসি গার্ডার সেতু

নির্মাণ ব্যয় : ১৪.৫১ কোটি টাকা